

122446



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১



Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/কুড়ি-১৭৩/ ২২৮৭

তারিখ: ২৭ মাঘ ১৪২৮
০২ ফেব্রুয়ারি ২০২২

বিষয় : মৃত্যুজনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন গোপালপুর পীরবাড়ী দাখিল মাদ্রাসার চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আলহাজ্ব আবু বকর সরকার মৃত্যুবরণ করায় পদটি শূন্য হয়। মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিতে বীর মুক্তিযোদ্ধা জনাব আলহাজ্ব মোঃ আব্দুস ছাত্তার সরকার, পিতা-মৃত আছমতুল্যা সরকার কে সভাপতি নির্বাচন করা হয়।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে গত ০৯/০৭/২০২০খ্রিঃ তারিখের নং বামাশিবো/প্রশা/২২১২০১২২৪৪৬১/২৭১০৪/নথি নং -১৭৩ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির প্রজ্ঞাপন অনুযায়ী অবশিষ্ট মেয়াদের জন্য জনাব আলহাজ্ব মোঃ আব্দুস ছাত্তার সরকার, পিতা-মৃত আছমতুল্যা সরকার কে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২-০২-২০২২

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার
গোপালপুর পীরবাড়ী দাখিল মাদ্রাসা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।


০২/০২/২০২২

নং-বামাশিবো/প্রশা/কুড়ি-১৭৩/ ২২৮৭

তারিখ: ২৭ মাঘ ১৪২৮
০২ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম;
৫. জনাব আলহাজ্ব মোঃ আব্দুস ছাত্তার সরকার, সভাপতি, ম্যানেজিং কমিটি, গোপালপুর পীরবাড়ী দাখিল মাদ্রাসা;
৬. সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, গোপালপুর পীরবাড়ী দাখিল মাদ্রাসা, নাগেশ্বরী, কুড়িগ্রাম;
৭. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:..... শাখা, নাগেশ্বরী, কুড়িগ্রাম;
৮. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।


২/২/২২

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


০২/০২/২০২২